সমকাল

তারিখ ..29 JUL 2015...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

শিক্ষক নিয়োগ বোর্ড স্থগিত

# ইবিতে চাকরির দাবিতে সাবেক ছাত্রলীগ নেতাদের অবরোধ

■ ইবি প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) চাকরিপ্রত্যাশী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাবেক নেতাকর্মীরা বিশ্ববিদ্যালয়ের বাস অবরোধ করেছেন বলে জানা গেছে। এ ছাড়া তাদের বাধার ফলে অর্থনীতি বিভাগের শিক্ষক নিয়োগ বোর্ডের কার্যক্রম স্থগিত হয়ে গেছে।

জানা যায়, গতকাল মঙ্গলবার সকালে কুষ্টিয়া ও ঝিনাইদহ শহর থেকে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব বাসগুলো ক্যাম্পাসে পৌছানোর পর তা মেইন গেটে চাকরিপ্রত্যাশী ছাত্রলীগের সাবেক নেতাকর্মীরা আটকে দেন। সকাল সোয়া ৮টায় বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাবেক কমিটির যুগ্ম সম্পাদক মাহবুব হোসেন, সাংগঠনিক সম্পাদক রাসেল জোয়ার্দার ও সাবেক ছাত্রলীগ নেতা ইলিয়াস জোয়ার্দারের নেতৃত্বে ১৮-২০ জন সাবেক কমিটির নেতাকর্মী বাসগুলো প্রধান ফটকের বাইরে বের হতে দেননি।

গতকাল বেলা সাড়ে ১১টায় উপাচার্যের বাসভবনে অর্থনীতি বিভাগের শিক্ষক নিয়োগ বোর্ডের কার্যক্রম অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। বোর্ডে আসা বেশ কয়েকজন প্রার্থীকে বেলা সোয়া ১১টার দিকে উপাচার্যের কার্যালয়ের সামনে থেকে তেড়ে বের করে দেন চাকরিপ্রত্যাশী ছাত্রলীগের ওই নেতাকর্মীরা। পরে চাকরিপ্রত্যাশীদের বাধার মুখে কোনো প্রার্থী আর সেদিকে যেতে পারেননি। তারপর দুপুর সোয়া ২টার দিকে বোর্ড স্থগিত ঘোষণা করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। একই সঙ্গে আগামী ২৯ জুলাই অনুষ্ঠিতব্য পরিসংখ্যান ও ২ আগস্ট আইন বিভাগের শিক্ষক নিয়োগ বোর্ডও স্থগিত করে দেয় প্রশাসন।

নিয়োগ বোর্ড স্থগিত হওয়ার পর চাকরিপ্রত্যাশীরা আটকে রাখা বিশ্ববিদ্যালয়ের বাসগুলো ছেড়ে দেন।

চাকরিপ্রত্যাশী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক রাসেল জোয়ার্দার বলেন, 'আমাদের দীর্ঘদিন ধরেই বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারী পদে চাকরির কথা বলে কয়েক দফা মৌখিক পরীক্ষা নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। আমাদের নিয়োগ না হলেও শিক্ষক নিয়োগ থেমে নেই।' বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল হাকিম সরকার বলেন, 'উদ্ভূত পরিস্থিতিতে অনিবার্য কারণে বোর্ড স্থগিত করা হয়েছে।